# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 05 May, 2025

রাজধানী ঢাকা এবং আশপাশের এলাকায় আজ দিনের তাপমাত্রা সামান্য বাড়তে পারে।এর ফলে গরমের তীব্রতাও বাড়ার সম্ভাবনা রয়েছে। একইসঙ্গে আকাশ মেঘলা থাকলেও বৃষ্টির সম্ভাবনা কম।ফলে দিনভর আবহাওয়া শুষ্ক থাকতে পারে।

সোমবার (৫ মে) আবহাওয়া অধিদপ্তরের ঝড় সতর্কীকরণ কেন্দ্র থেকে প্রকাশিত ঢাকা ও আশপাশের এলাকার জন্য সকাল ৭টা থেকে পরবর্তী ৬ ঘণ্টার আবহাওয়ার পূর্বাভাসে এসব তথ্য জানানো হয়েছে।

এতে বলা হয়েছে, আকাশ অস্থায়ীভাবে আংশিক মেঘলা থাকলেও, আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে। ফলে, দিনের তাপমাত্রাও গতকালের তুলনায় সামান্য বাড়তে পারে।আর এসময় দক্ষিণ-পশ্চিম অথবা দক্ষিণ দিক থেকে ঘণ্টায় ১০-১৫ কিলোমিটার বেগে বাতাস প্রবাহিত হতে পারে।

পূর্বাভাসে আরও জানানো হয়েছে, আজ সকাল ৬টায় ঢাকায় তাপমাত্রা ছিল ২৫ দশমিক ৩ ডিগ্রি সেলসিয়াস এবং বাতাসের আদ্রতা ছিল ৯১ শতাংশ। আর গতকালকের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা ২৫ দশমিক ০ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয়েছে।এছাড়া, গত ২৪ ঘণ্টায় ১ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে বলেও জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর।

অন্যদিকে, গতকাল রাতে আবহাওয়া অধিদপ্তর থেকে প্রকাশিত সারাদেশের আজকের সম্ভাব্য পূর্বাভাসে জানানো হয়েছে, আজ সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, সিলেট ও চট্টগ্রাম বিভাগের দু-এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বিদ্যুৎ চমকানো/বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে।সেই সঙ্গে সারা দেশে দিনের তাপামাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে এবং রাতের তাপামাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।

গরম মেঘলা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 02:57

URL: https://www.timestodaybd.com/public/national/6297681928